

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
বরিশাল বিভাগ, বরিশাল
ddbbsl@fireservice.gov.bd

নৈতিকতা কমিটির ডিসেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ মিজানুর রহমান, বিএফএম
উপপরিচালক, বরিশাল বিভাগ, বরিশাল।
সভার তারিখঃ ১৪/১২/২০২২ খ্রিঃ।
সভার সময়ঃ ১০.৩০ ঘটিকা।
স্থানঃ জুম প্লাট ফরম।
উপস্থিতিঃ সভায় সংযুক্ত কর্মকর্তা/কর্মচারীগণ

অত্র দপ্তরের নৈতিকতা কমিটির সদস্য ও অন্যান্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আলোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:


ক্র নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১.	ওয়েবসাইট হালনাগাদকরণ	প্রত্যেক দপ্তরের সংশ্লিষ্ট ওয়েবসাইটের নির্ধারিত কন্টেন্ট ত্রৈমাসিক প্রতিবেদনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সংশ্লিষ্ট তথ্যাবলি নির্দিষ্ট সময়ের মধ্যে আপলোড নিশ্চিত করতে হবে।	এডি/ডিএডি/ ফোরম্যান
২.	বিভিন্ন সভা আয়োজন ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন	সকল দপ্তরে নৈতিকতা কমিটির সভাসহ অন্যান্য সভা নিয়মিত আয়োজন করতে হবে এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম আলোচনা পূর্বক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	এডি/ডিএডি/ ফোরম্যান
৩.	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের চাকরি ও সুশাসন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে।	এডি/ডিএডি/ ফোরম্যান
৪.	মামলা নিষ্পত্তি	কর্মচারী-কর্মকর্তাগণের বিরুদ্ধে অভিযোগ আসলে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক দ্রুততার সাথে পরবর্তী পদক্ষেপ গ্রহণার্থে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।	এডি/ডিএডি/ ফোরম্যান
৫.	কর্ম-পরিবেশ উন্নয়ন	কর্ম-পরিবেশ উন্নয়নে সকল দপ্তরে বৈশ্বিক মহামারি করোনা পরিস্থিতি সফলভাবে মোকাবিলার জন্য স্বাস্থ্যবিধি অনুসরণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ও টিওএন্ডইডুজ অকেজো মালামাল যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক বিনষ্ট করণের পদক্ষেপ গ্রহণ করতে হবে।	এডি/ডিএডি/ ফোরম্যান
৬.	দুর্নীতি প্রতিরোধ সভা আয়োজন	স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে দুর্নীতিরোধ কল্পে জনসচেতনতা বৃদ্ধির নিমিত্ত নিয়মিত সভা আয়োজন করতে হবে	এডি/ডিএডি/ ফোরম্যান

সভায় অন্য কোন আলোচনা না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ অধস্তনদের অবগতকরণ ও সূচারুভাবে বাস্তবায়ন করে ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বিভিন্ন কার্যক্রমসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

স্মারক নং-৫৮.০৩.১০০০.০০২.০৫.০১৫.১৭/১৭০২০

অনুলিপি:

০১. মহা পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
০২. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল/পটুয়াখালী।
০৩. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঝালকাঠী/পিরোজপুর/ভোলা/বরগুনা।
০৪. ফোরম্যান, বিভাগীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল।
০৫. সহকারী যোগাযোগ প্রকৌশলী, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল।
০৬. সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, বরিশাল সদর/দক্ষিণ।
০৭. মবিলাইজিং অফিসার, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল।


মোঃ মিজানুর রহমান, বিএফএম
উপপরিচালক
তারিখঃ ০৭/১১/২০২২
২৭/০২/২০২২